

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৯০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. যেসব জায়গায় সালাত আদায় করা জায়িয নয়

باب فِي الْمَوَاضِعِ الَّتِي لَا تَجُونُ فِيهَا الصَّلَاةُ

আরবী

حَدَّتَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ، أَخْبَرَنَا ابْنُ وَهْبِ، قَالَ حَدَّتَنِي ابْنُ لَهِيعَةَ، وَيَحْيَى بْنُ أَزْهَرَ، عَنْ عَمَّارِ بْنِ سَعْدِ الْمُرَادِيِّ، عَنْ أَبِي صَالِحِ الْغِفَارِيِّ، أَنَّ عَلِيًّا، مَرَّ بِبَابِلَ وَهُوَ يَسِيرُ فَجَاءَهُ الْمُؤَذِّنُ يُؤَذِّنُ يُؤَذِّنُ يُوَذِّنُ يُوَذِّنُ يُوَذِّنُ يُوَذِّنُ يُوَذِّنُ يُوَذِّنُ يُوَذِّنُ يُوَذِّنَ فَأَقَامَ الصَّلَاةَ فَلَمَّا فَرَغَ قَالَ إِنَّ الْمُؤَذِّنُ يُونِ لِلهَ عليه وسلم نَهَانِي أَنْ أُصَلِّيَ فِي الْمَقْبُرَةِ وَنَهَانِي أَنْ أُصَلِّيَ فِي أَرْضِ بَابِلَ فَإِنَّهَا مَلْعُونَةٌ .

_ ضعیف

বাংলা

৪৯০। আবূ সালিহ আল-গিফারী (রহঃ) সূত্রে বর্ণিত। কোন এক সফরে 'আলী (রাঃ) বাবিল নামক শহর অতিক্রমকালে তার কাছে মুয়াজ্জিন এসে 'আসরের সালাতের আযান দেয়ার অনুমতি চাইল। কিন্তু তিনি বাবিল শহর থেকে বেরিয়ে এসে মুয়াজ্জিনকে ইক্কামাত(ইকামত/একামত) বলার নির্দেশ দিলেন। মুয়াজ্জিন ইক্কামাত(ইকামত/একামত) দিলে তিনি সালাত আদায় করলেন এবং সালাত শেষে বললেন, আমার প্রিয় বন্ধু (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে কবরস্থানে সালাত আদায় করতে নিষেধ করেছেন। অনুরূপভাবে আমাকে বাবিলের জমিনে সালাত আদায় করতেও নিষেধ করেছেন। কারণ তা অভিশপ্ত জমিন।[1]

पूर्वल।

English

Narrated Ali ibn AbuTalib:



AbuSalih al-Ghifari reported: Ali (once) passed by Babylon during his travels. The mu'adhdhin (the person who calls for prayer) came to him to call for the afternoon prayer. When he passed by that place, he commanded to announce for the prayer. After finishing the prayer he said: My affectionate friend (i.e. the Prophet) prohibited me to say prayer in the graveyard. He also forbade me to offer prayer in Babylon because it is accursed.

ফুটনোট

[1] বায়হাকী (২/৪৫১) ইবনু 'আব্দুল বার 'তামহীদ' (৫/২১২, ২২০), ইবনু হাজার 'ফাতহুল বারী' (১/৬৩) গ্রন্থে এটি বর্ণনা করে বলেন, এর সনদে দুর্বলতা আছে। ইবনু 'আবদুল বার বলেন, এর সনদ দুর্বল হওয়ার ব্যাপারে সকলে একমত। পাশাপাশি সনদটি মুনকাতি, মুত্তাসিল নয়। সনদে 'আলী, 'আম্মার হাজ্জাহ এবং ইয়াহইয়া এরা সকলেই অজ্ঞাত। এদেরকে চেনা যায়নি। সনদে ইবনু লাহী'আহ ও ইয়াহইয়া ইবনু আযহার দু'জনেই দুর্বল। তাদের দ্বারা দলীল দেয়া যাবে না। সনদে আবূ সালিহ হচ্ছে সাঈদ ইবনু 'আব্দুর রাহমান আল-গিফারী মিসরী, তিনিও প্রসিদ্ধ নন, তাছাড়া 'আলী সূত্রে তার শ্রবণের কথাটি সহীহ নয়।

'আওনুল মা'বূদে রয়েছেঃ সনদে ইবনু লাহী'আহ দুর্বল। আল্লামা খাত্তাবী বলেন, এ হাদীসের সনদ সমালোচিত। আল্লামা মুন্যিরী বলেন, সনদে আবৃ সালিহ হচ্ছে সাঈদ ইবনু 'আব্দুর রাহমান, যিনি গিফারী গোত্রের আ্যাদকৃত গোলাম। ইবনু ইউনূস বলেন, তিনি 'আলী ইবনু আবৃ তালিব সূত্রে হাদীস বর্ণনা করেন, আমি মনে করি না যে, তিনি 'আলী থেকে শুনেছেন। আল্লামা আইনী বলেন, ইবনু কাত্তান বলেছেন, এ হাদীসের সনদে এমন কিছু লোক রয়েছে যাদেরকে চেনা যায় না। 'আবদুল হাক্ব বলেন, হাদীসটি নিক্ষ্ট। ইমাম বায়হাক্বী 'মা'রিফাহ গ্রন্থে বলেন, এর সনদ মজবুত নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন